112

দৈনিক জনকণ্ঠ

তারিখ 24 JUN 1995
পৃষ্ঠা ১ কলাম ৫

# পরীক্ষা ছাড়া ভর্তি ২০ ছাত্রকে প্রত্যাহারের দাবি

## ঢাবি শিক্ষক সমিতি

*বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ২০ ছাত্রকে ভর্তি পরীক্ষা ছাড়া ভর্তির প্রস্তাব*

(শেষ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## পরীক্ষা ছাড়া

(প্রথম পাতার পর)

প্রত্যাহারের দাবি জানিয়েছে। এ ব্যাপারে সমিতি আগামী ২৫ জুন সাধারণ সভা আহ্বান করেছে।

শুক্রবার রাতে সমিতির কার্যকরী পরিষদের সভায় ২০ ছাত্রকে ভর্তির ব্যাপারে উপাচার্যের প্রস্তাব সম্পর্কে শিক্ষক নেতৃবৃন্দ আলোচনা করেন। এ সময় উপস্থিত ছিলেন সমিতির সভাপতি এ টি এম জহরুল হক, সাধারণ সম্পাদক এস এম ইমামুল হক, খন্দকার বজলুল হক প্রমুখ।

এদিকে ছাত্রলীগ (শা-পা) ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা বিশ্ববিদ্যালয় নিয়ম ভঙ্গ করে ভর্তি না করার জন্য উপাচার্যের কাছে অনুরোধ জানিয়েছেন। সংগঠন সভাপতি বাহাদুর বেপারী ও সাধারণ সম্পাদক আবদুল ওয়াদুদ খোকন এক বিবৃতিতে এ অনুরোধ জানান।